

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২৮৫-আইন/২০২২।—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান অনুসারে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের স�িত পরামর্শক্রমে, খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের—

- (১) ক্রমিক নং ১১ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪ এবং ৫ এ উল্লিখিত এন্টিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১১ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“	(১১)	তত্ত্বাবধায়ক	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : সঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর পদে অন্তুন ৫ (পাঁচ) বৎসরের চাকরি অথবা হিসাবরক্ষক বা উচ্চমান সহকারী পদে অন্তুন ৮ (আট) বৎসরের চাকরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমানের ডিইসেস প্রশাসনিক কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা এবং কম্পিউটার চালানোর কাজে ৬ (ছয়) মাসের অভিজ্ঞতা।	”;
---	------	---------------	-----------------------------	---	--	----

(১৪৭৮৭)
মূল্য : টাকা ৮.০০

(২) ক্রমিক নং ২০ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪ এবং ৫ এ উল্লিখিত এন্টিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২০ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“	(২০)	ড্রাইভার	অনুধর্ব ৩০ (ত্রিশ) বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) হালকা মোটরযান চালনার বৈধ লাইসেন্সহ হালকা মোটরযান চালনায় ৩ (তিনি) বৎসরের অভিজ্ঞতা।	”।
---	------	----------	----------------------------	----------------------------	---	----

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
সিনিয়র সচিব।